
hanbaek




# Pioneer of Electric Power Construction

HAN BAEK CO., LTD

To treat Dandruff and Seborrheic Dermatitis effectively & safely-

**SQUARE** offers

# Clopirox™

100 ml
Shampoo

Ciclopirox Olamine USP 1%

## Complete solution for Seborrheic Dermatitis & Dandruff

- Contains perfect conditioner (Polyquaternium-10)
- Contains pleasant perfume (Infinity-W)
- Contains excellent foaming agent (Sodium Laureth Sulphate)




## Dosage guideline & Usage procedure:

Wet hair and apply 5 ml of Clopirox Shampoo to the scalp. Up to 10 ml may be used for long hair. Keep for 3 minutes & rinse off. Treatment should be repeated twice per week for 4 weeks (with a minimum of 3 days gap between each applications).

We also have

**Clopirox™** 15 gm Cream

Ciclopirox Olamine USP 1%

We care for skin™

*Since 1958*

**SQUARE**
**PHARMACEUTICALS PLC.**
**BANGLADESH**

www.squarepharma.com.bd

SQUARE

Scan for more information

সমিতির পঞ্চম বার্ষিক সাধারণ সভা ও মিলনমেলা
এবং সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন ২০২৫
উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা

# গৌরবদীপ্ত

## পুণ্ড্রের উত্তরসূরি

# শিবগঞ্জ

তারিখঃ ০৩ জানুয়ারি, ২০২৫
ভেন্যুঃ গ্রীন ভ্যালি, মধু সিটি, বছিলা, ঢাকা

## শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা।

আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ৪র্থ তলা, ২০৪ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০
ওয়েবসাইটঃ www.shibganjsamity.com, ই-মেইলঃ contact@shibganjsamity.com

# প্রকাশনা পরিষদ


| | |
|---|---|
| **প্রধান উপদেষ্টা** | ডক্টর কাজী মো. ইমদাদুল হক<br>সভাপতি<br>শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা |
| **উপদেষ্টা** | মীর লিয়াকত আলী<br>মো. হাসেমুজ্জামান<br>মো. মিঠুন মিয়া |
| **সম্পাদক** | কৃষিবিদ মুহাম্মদ তাহাজ্জত আলী |
| **সহ-সম্পাদক** | মো. আশরাফুল ইসলাম<br>মো. আব্দুল আলীম |
| **প্রকাশকাল** | ৩ জানুয়ারি, ২০২৫<br>১৯ পৌষ, ১৪৩১ |
| **নামকরণ** | ডক্টর কাজী মো. ইমদাদুল হক<br>মো. হাসেমুজ্জামান<br>মো. মিঠুন মিয়া<br>কৃষিবিদ মুহাম্মদ তাহাজ্জত আলী |
| **প্রচ্ছদ** | মো. সেলিম মিয়া |
| **গ্রাফিক্স** | মো. রজ্জব আলী |
| **প্রকাশক** | শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা |
| **মুদ্রণ** | প্রিন্ট প্যালেস<br>২৭৮ নিউ এলিফ্যান্ট রোড<br>কাঁটাবন ঢাল, ঢাকা<br>যোগাযোগ: ০১৭১৭-৮৪৪২৩৫<br>E-mail: printpalace.014@gmail.com |

# সূচিপত্র


| | |
|---|---|
| কৃতজ্ঞতা জ্ঞাপন ও শুভেচ্ছা বাণী | ০৭ |
| সম্পাদকীয় | ১১ |
| মিলনমেলা আহ্বায়ক কমিটি | ১৯ |
| আমরা যাদের হারিয়েছি | ২০ |
| সমিতির বার্ষিক সাধারণ সভার বিবরণ | ২১ |
| সমিতিকেন্দ্রিক লেখা সমূহ | ৩১ |
| শিবগঞ্জের ইতিহাস, ঐতিহ্য ও প্রকৃতি | ৪১ |
| এক নজরে পাখির চোখে শিবগঞ্জ | ৫৫ |
| ’২৪-এর গণ-অভ্যুত্থান, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও অন্যান্য | ৫৯ |
| শিশুতোষ গল্প, কবিতা ও অংকন | ৭৪ |
| সালতামামি ২০২৪ | ৭৯ |
| সমিতির সদস্য পরিচিতি | ৮৯ |

তুমি নেই এ ভুবনে
আছো তুমি সবার হৃদয়ে-স্মরণে



# ডা. মোঃ রেজাউল করিম (সান্না)

সমিতির প্রধান পৃষ্ঠপোষক ও চেয়ারম্যান, ট্রপিক্যাল হোমস লিমিটেড
(১লা জুলাই ১৯৪৪ - ৭ই নভেম্বর ২০২৪)

## সর্বজনীন শ্রদ্ধেয় পৃষ্ঠপোষকের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত

শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা।

# কৃতজ্ঞতা জ্ঞাপন



বিসমিল্লাহির রাহমানির রাহিম

২০১৮ সালে শেষের দিকে কতিপয় মানবদরদি, সমাজসেবী, গুণীজন, নবীন উদ্যোক্তা, তরুণ-তরুণী, ছাত্রছাত্রী, পেশাজীবীর বিশেষ প্রচেষ্টায় শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকার যাত্রা শুরু হয়। সেই শুভসূচনা লগ্ন থেকে অদ্যাবধি হাঁটি-হাঁটি, পা-পা করে বিভিন্ন পর্যায়ের সমাজ কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা ও সংযোগ স্থাপনের মাধ্যমে ঢাকাস্থ শিবগঞ্জবাসীর এই উন্মুক্ত প্ল্যাটফর্ম ক্রমান্বয়ে বিস্তার লাভ করছে। প্রতি বৎসরের মতো এবারও সকলের অতি প্রত্যাশিত মিলনমেলা ও সাধারণ সভা ২০২৫ অনুষ্ঠিত হতে যাচ্ছে। সকলের সার্বিক সহযোগিতায় ঢাকা বসবাসরত শিবগঞ্জবাসীর পারিবারিকভাবে সম্প্রীতি, সৌহার্দ্য ও সংযোগের প্ল্যাটফর্মটির বিশেষ একটি মিলনমেলার অনুষ্ঠান।

আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি নির্বাহী কমিটির সকল সদস্য, উপদেষ্টা পরিষদের সকল সদস্য ও সমিতির ডোনার সদস্যসহ সমিতির সম্মানিত সাধারণ সদস্যদের এবং তাঁদের আন্তরিকতা ও নিরলস সহযোগিতার ফলস্বরূপ আমাদের এই আজকের দৃঢ় অবস্থান ও অর্জন সম্ভব হয়েছে।

বিভিন্ন ক্ষেত্রে সমিতিতে বিশেষ অবদানের জন্য বিনম্র কৃতজ্ঞতা জানাই সমিতির প্রধান পৃষ্ঠপোষক প্রয়াত ডা. মো. রেজাউল করিম (সান্না), চেয়ারম্যান, ট্রাপিক্যাল হোমস লি.। আন্তরিক শোক ও দুঃখ প্রকাশ করছি জুলাই-আগস্ট ছাত্র-জনতা গণঅভ্যুত্থানে আহত-নিহতসহ যারা ইতিমধ্যেই আমাদের ছেড়ে চলে গেছেন। কৃতজ্ঞতা ও সাধুবাদ জানাই প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক ড. এ জেড এম মাইদুল ইসলাম ও সাধারণ সম্পাদক প্রকৌঃ মো. রফিকুল ইসলাম, ডা. আবু বকর ছিদ্দিকসহ অন্যদের যাঁরা বিভিন্ন ক্ষেত্রে এ সংগঠনটিকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করেছেন। আরও যাঁদের নাম উল্লেখ করতে চাই তাঁদের বিশেষ সহযোগিতার জন্য তাঁরা হলেন- জনাব কৃষিবিদ মুহাম্মদ তাহাজ্জত আলী, জনাব আবু বকর ছিদ্দিক, জনাব আশরাফুল ইসলাম, জনাব আবদুল আলিম, প্রকৌঃ রওশনসহ অনেককে। অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল কর্তৃপক্ষকে জানাই বিশেষ ধন্যবাদ।

অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই যাঁরা বিভিন্ন পর্যায়ের বিজ্ঞাপন দিয়ে আমাদের সমাজসেবায় নিয়োজিত কর্মকাণ্ডে উৎসাহিত করে অনন্য অবদান রেখেছেন। বিশেষ কৃতজ্ঞতা জানাই প্রকৌঃ মোনায়েম চৌধুরীকে তাঁর অবদানের জন্য। পেশাগত সাফল্যের জন্য অভিনন্দন জানাই এডভোকেট মসিউর রহমান, সিনিয়র এডভোকেট সফিকুল ইসলাম (টুকু), জনাব জিল্লুর রহমানসহ অন্য সকলকে যাঁরা পেশার উৎকর্ষ সাধনে নূতন দায়িত্ব গ্রহণ করেছেন।

আমাদের প্রত্যাশানুযায়ী যাঁদের সহায়তায় সমিতির কার্যক্রম পরিচালিত হয়ে আসছে প্রতিষ্ঠালগ্ন থেকে তাঁদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। সর্বোপরি সার্বিক বিষয়ে ভবিষ্যতে আন্তঃসংযোগ বৃদ্ধি করার লক্ষ্যে আমার একান্ত ব্যক্তিগত ভাবনা আমার প্রজ্বলিত নেটওয়ার্ক প্রবন্ধে আলোকপাত করার প্রয়াস যা তরুণ-তরুণীসহ সকল সদস্যের পরবর্তীতে তথ্যের আদান-প্রদান সম্প্রসারণের ক্ষেত্রে পথ প্রদর্শক হতে পারে। অনিচ্ছাকৃতভাবে কোনো ত্রুটি হয়ে থাকলে ক্ষমাপ্রার্থী।

সমিতির কার্যক্রম ও সকল কর্মপরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়নে সকলের সহযোগিতা বিশেষভাবে কাম্য।

**ডক্টর কাজী মো. ইমদাদুল হক**
সভাপতি
শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি
সাবেক মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং
নির্বাহী পরিচালক, লাল তীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বাংলাদেশ) লিমিটেড

# শুভেচ্ছা বাণী



বাঙালি মহিলা কবি কুসুমকুমারী দাশ তার রচিত "আদর্শ ছেলে" যার প্রথম চরণ আমাদের দেশে হবে সেই ছেলে কবে কথাই না বড় হয়ে কাজে বড় হবে। শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি লেখিকার সেই কবিতার প্রথম চরণ ধরেই নীরবে নিভৃতে এগিয়ে চলছে। সমিতির এই ছোট্ট বয়সেই কতই যে অর্জন! এই সমিতির সাথেই সম্পৃক্ত আছে একঝাঁক তরুণ, যাদের এই যৌবন দীপ্ত নৈতিক আদর্শ শৃঙ্খলমুক্ত করতে পেরেছে জাতিকে। জাতি আজ মুক্ত স্বাধীন। সমিতির সাথে সম্পৃক্ত আছেন প্রবীণসহ নানান পেশার মানুষ যাদের বুদ্ধি, কৌশল এই সমিতিকে করেছে অনেক সমৃদ্ধ পরম কল্যাণের বার্তাবাহক। এই সমমনা মানুষগুলো সৃষ্টির হক আদায় করার লক্ষ্যেই এমন প্ল্যাটফর্মের সাথে নিজেদের সম্পৃক্ত করেছেন। আমাদের পরম সৌভাগ্য এমন মানুষগুলোই আমাদের মাঝে রয়েছে।

০৩ জানুয়ারি ২০২৫ সমিতির বার্ষিক সাধারণ সভা এবং মিলনমেলা। এই রকম সভায় আর কোনোদিনও ফেরানো যাবে না আমাদের আশীর্বাদস্বরূপ ক্ষণজন্মা বিরল কল্যাণের বার্তাবাহক অভিভাবক প্রধান পৃষ্ঠপোষক ডাক্তার রেজাউল করিম সান্নাকে। তিনি আর কোনোদিনও আসবেন না এই সমিতিতে, বলবে না অভিনবত্ব নানান কথা, শক্তি-সাহস দিয়ে বলবে না এগিয়ে যাও আমি তো আছি।

দৃষ্টি আড়ালে আজ আর দেখিনা তোমায়
যে স্বপ্ন তুমি দিয়েছো মোদের
মনের দৃষ্টি তবে থাকিবে সেথায়
মনের দৃষ্টিতেই আমরা বারবার দেখিবো তোমায়
স্মরণ করিব আমরা তোমায় সারাটা জীবন।

আমরা আনন্দিত প্রতিবারের ন্যায় এবারও বার্ষিক সাধারণ সভা ও মিলনমেলাকে লক্ষ্য রেখে স্মরণিকা প্রকাশিত হচ্ছে সেখানে অনেক জ্ঞানীগুণীর লেখা থাকবে, থাকবে তথ্যভিত্তিক ইনফরমেশন। স্মরণিকা প্রকাশে যারা বিজ্ঞাপন দিয়ে সহযোগিতা ও সমৃদ্ধ করেছেন তাদের প্রতি আমাদের কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ।

**মো. হাসেমুজ্জামান হাসেম**
সাধারণ সম্পাদক
শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা

# শুভেচ্ছা বাণী



শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা সংগঠনটি রাজধানী ঢাকায় বসবাসরত শিবগঞ্জের নানা শ্রেণি-পেশার মানুষের একতা, ভালোবাসা, ভ্রাতৃত্ব ও সম্প্রীতি চর্চার মাধ্যম। সংগঠনটির সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে আমি অবগত। এটি এ উপজেলাকে সমৃদ্ধ ও উন্নত শিবগঞ্জ গঠনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। সমিতিটি সপ্তম বছর পেরিয়ে অষ্টম বছরে পদার্পণ করছে। সমিতি মিলনমেলা, বার্ষিক সাধারণ সভা-২০২৫ এবং সাত বছরপূর্তি উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলা প্রাচীন পুণ্ড্র সভ্যতার ইতিহাস বিজড়িত পর্যটন আকর্ষণীয় ও কৃষি সমৃদ্ধ একটি উপজেলা। খ্রিস্টপূর্ব ৩০০ অব্দ হতে মৌর্য, গুপ্ত, পাল এবং সেন বংশীয় রাজাদের সুদীর্ঘ শাসনকালের সাক্ষ্য মহাস্থানগড় ও ভাসু বিহার আজও বহন করছে। এছাড়াও বেশ কয়েকটি ঐতিহাসিক স্থান রয়েছে। শিবগঞ্জের অতীত ইতিহাস তরুণ প্রজন্মের সামনে তুলে ধরতে হবে। এলাকার উন্নয়নে প্রয়োজন সকলের সুসংগঠিত এবং সম্মিলিত প্রচেষ্টা যার অনন্য উদাহরণ হলো শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা। সংগঠনটি এলাকার উন্নয়নে নানামুখী কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এ সংগঠনের দ্বারা ঢাকায় অবস্থিত বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে একতাবদ্ধ করেছেন। এটা নিশ্চিত যে, এই সমিতির সদস্যরা মনেপ্রাণে শিবগঞ্জকে ধারণ করে কাজ করে যাচ্ছেন।

এই সমিতির সাথে যুক্ত সকল বিশিষ্টজন, গুণীজন, আলোকিত জন এবং প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গের অগ্রযাত্রাকে সাধুবাদ জানাই। আমি শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা এর সার্বিক সফলতা এবং মঙ্গল কামনা করছি। সেই সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন। সবার সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু কামনা করছি।

**তাহমিনা আক্তার**
উপজেলা নির্বাহী অফিসার
শিবগঞ্জ, বগুড়া

# শুভেচ্ছা বাণী



হেসে খেলে জীবনটা যদি চলে যায় যাক না ভাবনা কি আর তাতে। ভাবনা তো থাকে কারণ জীবন তো হেসে খেলে যায় না। এ দুনিয়ায় জীবনটা একটা জটিল প্রক্রিয়া। নানা বাধা-বিপত্তি, প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে যেতে হয়। জীবনের সীমিত সময়ের মধ্যে ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ইত্যাদি নানা বিষয়ে সম্পৃক্ত হতে হয়। সভ্যতার বিকাশ, সাংস্কৃতিক চর্চা ও উন্নয়ন সবকিছুই সমাজকেন্দ্রিক। শিবগঞ্জ উপজেলা কল্যাণ সমিতি একটি সামাজিক সংগঠন। আমরা শিবগঞ্জের নানা শ্রেণি-পেশার মানুষ এ সংগঠনের সংগে সম্পৃক্ত। নিজেদের মধ্যে পারস্পরিক পরিচিতি, আন্তরিকতা, ভালোবাসা এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক সুদৃঢ় করা এবং এলাকার উন্নয়ন ও স্বপ্নের আলোকিত শিবগঞ্জ গড়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

৩০ নভেম্বর ২০১৮ সমিতির যাত্রা শুরু। শুরুর পর থেকে আপনাদের আন্তরিক সহযোগিতায় সমিতি নানামুখী সেবা ও কল্যাণমূলক কাজ চালিয়ে যাচ্ছে। সমিতি প্রতি বছর বার্ষিক সাধারণ সভা ও মিলনমেলার আয়োজন করে থাকে। সে ধারাবাহিকতায় এবার সমিতির ৫ম বার্ষিক সাধারণ সভা ও মিলনমেলা অনুষ্ঠিত হচ্ছে এ বর্ণিল অনুষ্ঠানে উপস্থিত আপনাদের সবাইকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ। সাথে রইল নতুন বছরের শুভেচ্ছা ও শুভকামনা। ২০২৫ সাল হোক নবদিগন্তের অভিযাত্রা, হোক শান্তি, সম্প্রীতি ও কল্যাণের। আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে আজকের এই মিলনমেলা প্রাণবন্ত উৎসবে পরিণত হয়েছে। মিলনমেলার মধ্য দিয়ে পারস্পরিক আন্তরিকতা, ভালোবাসা এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরো সুদৃঢ় হবে এবং সমিতির প্রচার ও প্রসার বাড়বে এটা আমাদের সকলের প্রত্যাশা।

সমাজ জীবনের পরিবর্তন তথা উন্নয়নে দরকার বাস্তবমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন। প্রয়োজন যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আলোকিত ও সৃজনশীল ব্যক্তির পাশাপাশি উৎসাহী ও উদ্যমী তরুণ প্রজন্ম। আমাদের মধ্যে আছেন অনেক জ্ঞানীগুণী, আলোকিত, যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি। অপরদিকে তরুণ প্রজন্ম সাহসী, আত্মবিশ্বাসী, উদীয়মান ও প্রতিভাদীপ্ত। জুলাই ২০২৪-এ তা প্রমাণিত। কিন্তু অভিজ্ঞতা ও দক্ষতা কম। তাই প্রবীণদের তরুণ প্রজন্মকে সংগে নিয়ে সকল উন্নয়ন ও সামাজিক কর্মকাণ্ডে একসংগে হাঁটতে হবে। তাহলে সফলতা অনিবার্য। সমিতি প্রবীণ ও তরুণদের সংগে নিয়ে সকল কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। এটা খুবই আশাব্যঞ্জক এবং অনুপ্রেরণাদায়ক।

আমরা আনন্দিত যে ২য় বারের মতো ভিন্ন আঙ্গিকে স্মরণিকা প্রকাশিত হতে যাচ্ছে। স্মরণিকা প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও অভিনন্দন। বিশেষ করে স্মরণিকা প্রকাশনা কমিটির আহ্বায়ক ও সম্পাদক জনাব কৃষিবিদ মুহাম্মদ তাহাজ্জত আলী ও জনাব মো. আশরাফুল ইসলামের নিরলস প্রচেষ্টা ও পরিশ্রমের জন্য আবারো ধন্যবাদ। স্মরণিকায় সম্মানিত বিজ্ঞাপনদাতাদের আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন। আপনাদের সহযোগিতা আমাদের অনুপ্রাণিত করেছে। আশা করি আপনাদের সহযোগিতা আগামী দিনেও অব্যাহত থাকবে। স্মরণিকা সমিতির একটা মূল্যবান দলিল, এর মাধ্যমে তরুণ প্রজন্মসহ অন্যরা সমিতি সম্পর্কে জানতে পারবে এবং সমিতির প্রতি তাদের আগ্রহ সৃষ্টি হবে।

সমিতির প্রধান পৃষ্ঠপোষক ডা. রেজাউল করিম সান্নাসহ সমিতির অন্যান্য নিবেদিতপ্রাণ সদস্য যারা ইন্তেকাল করেছেন তাদের বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি। '২৪-এর বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শহিদের প্রতি রইল বিনম্র শ্রদ্ধা। আল্লাহ তাদের বেহেস্ত নসিব করুন, আমিন।

পরিশেষে আজকের এ মহৎ আয়োজনে সম্মানিত আয়োজকবৃন্দ, বিভিন্ন উপকমিটির সদস্যবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে যাদের অক্লান্ত পরিশ্রম ও আন্তরিক সহযোগিতায় আজকের এ বর্ণিল আয়োজন সফল হয়েছে, তাদের সবাইকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ। সবার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও মঙ্গল কামনা করছি। নতুন বছর হোক সবার জন্য শান্তি, সমৃদ্ধি ও কল্যাণের।

**প্রকৌশলী মো. রফিকুল ইসলাম**
আহ্বায়ক
বার্ষিক সাধারণ সভা ও মিলনমেলা বাস্তবায়ন কমিটি
শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা

# সম্পাদকীয়



পুব আকাশে সকালের নতুন সূর্যোদয়ে লাল রঙে রাঙিয়ে দিনের শুভসূচনা হয়। যেমন নবজন্মের সময় রক্তপাতের মধ্য দিয়ে সন্তান ভূমিষ্ঠ হয়। বিপ্লব যে রক্তে রাঙিয়ে আসে তা পৃথিবীর ইতিহাসের বিভিন্ন বিপ্লবের এমন কাব্যকথা বহুদিন বইয়ের পাতায়, সামাজিক যোগাযোগ মাধ্যম, ইউটিউবে শুনে আসছি। ২০২৪ সালে এমন ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সাক্ষী হব তা হয়ত আমরা অনেকেই কল্পনাও করতে পারিনি। তরুণ প্রজন্ম সেই অসম্ভবকে সম্ভব করে দেখিয়েছে। শাবাশ দেশের তরুণ্যের শক্তির, উদ্যম সাহস আর অনন্ত সম্ভাবনাকে কাজে লাগিয়ে নতুন দিগন্তের শুভসূচনার জন্য, সেই সাথে নতুন বছরের শুভেচ্ছা ও শুভকামনায় দু'একটি কথা লেখার চেষ্টা করছি...

গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের প্রতীক শহিদ আবু সাঈদ যেভাবে বুকে বুলেট বরণ করে নিয়েছেন। যেভাবে একে একে বুকে গুলি এসে লাগার পরও তিনি তার দৃঢ়তার জায়গা হতে সরছিলেন না, তবুও লড়ছিলেন, তা দেখে বহুদিন বহু নিপীড়িত মানুষকে প্রতিবাদ করার সাহস জোগাবে। এ রকম কিছু সাহসী, উদ্যমী তরুণ যুবক এবং প্রবীণদের সমন্বয়ে ঢাকায় বসবাসরত শিবগঞ্জ উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সমন্বয়ে গঠিত প্রাণের সংগঠন শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকার আয়োজনে আজকের এ মিলনমেলা ও বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকায় শিবগঞ্জের অনেক গুণী ও বিশিষ্টজন মূল্যবান লেখা ও বাণী দিয়ে ঋদ্ধ ও সমৃদ্ধ করেছেন। তাদের আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। যারা শিবগঞ্জের ইতিহাস ঐতিহ্যবিষয়ক লেখা, সমিতির সার্বিক কর্মকাণ্ডবিষয়ক লেখা, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, '২৪-এর গণ-অভ্যুত্থান, ব্যাংকিং, কবিতা, গল্প, অঙ্কনচিত্রসহ বিভিন্ন বিষয়ের উপর লেখা দিয়েছেন তাঁদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। এছাড়াও অনেক গুণীজন, বিজ্ঞজনসহ নানাজন নানান পরামর্শ দিয়ে সহযোগিতা করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞ ও ঋণী। শুকরিয়া মহান আল্লাহ তায়ালার নিকট।

প্রকাশনা কমিটির সদস্যের অভিজ্ঞতার অভাব, জ্ঞানের সীমাবদ্ধতা, সীমিত সময়ের মধ্যে একটি ভালো মানের প্রকাশনা উপহার দেয়া সত্যিই কঠিন। জানিনা ভালো না মন্দ হবে, তবে পাঠকই তার সিদ্ধান্ত নিবেন। জানি স্মরণিকায় অনেক ভুলভ্রান্তি থাকবে, যা নিছক অনিচ্ছাকৃত। ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। আমরা আশা করি সমিতি আগামীতে আরো মানসম্মত প্রকাশনা আমাদের উপহার দিতে সচেষ্ট থাকবে। বিশেষ করে যাদের বিশেষ আর্থিক সহযোগিতা করে দেওয়ার কারণে স্মরণিকা প্রকাশ পায় এবং আজ আমি দু'একটি কথা লিখতে পারছি– সেসব সম্মানিত বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীকে আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাচ্ছি। আপনাদের সহযোগিতা আমাদের অনুপ্রাণিত করেছে। আশা করি আপনাদের সহযোগিতা আগামী দিনেও অব্যাহত থাকবে।

সমিতির সকলের চোখেরমণি ও প্রধান পৃষ্ঠপোষক শিবগঞ্জের কৃতীসন্তান এবং দেশসেরা রিয়েল এস্টেট কোম্পানি ট্রপিক্যাল হোমস লি.-এর সদ্য প্রয়াত সম্মানিত চেয়ারম্যান জনাব ডা. রেজাউল করিম সান্না স্যার এবং '২৪-এর বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে শিবগঞ্জের দু'জন শহিদ জনাব মো. সেলিম মাস্টার ও জনাব মো. রনিসহ সারা দেশের সকল শহিদকে বিনম্র শ্রদ্ধাভরে স্মরণ করছি। সেই সাথে আন্দোলনে সকল আহতকে সুচিকিৎসা ও আহত-নিহত পরিবারের স্থায়ী কোনো কিছু ব্যবস্থা করার জন্য সরকারের সংশ্লিষ্ট দফতরসহ জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশনের সুদৃষ্টি কামনা করছি।

পরিশেষে, সমিতিকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে যারা পেছন থেকে নানা উদ্যোগ গ্রহণ করে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন এবং মিলনমেলা সফল করার ক্ষেত্রে মিলনমেলা আহ্বায়ক কমিটির সকলেই সবার কর্মব্যস্ততার মাঝেও মেধা, শ্রম, সময় এবং আর্থিক সহায়তা দিয়ে কাজ করে যাচ্ছেন স্মরণিকা প্রকাশনা কমিটির পক্ষ হতে তাদের সবার মঙ্গল কামনাসহ সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

**কৃষিবিদ মুহাম্মদ তাহাজ্জত আলী**
সম্পাদক
শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা

# শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যাণ সমিতি, ঢাকা

## সম্মানিত প্রতিষ্ঠাতা সদস্যবৃন্দ

| | | | |
|---|---|---|---|
| ০১ | অধ্যাপক ডা. এজেড এম মাইদুল ইসলাম | ২১ | প্রকৌশলী নুর আলম (সম্মান) |
| ০২ | এয়ার কমডোর এম এ রউফ (অব.) | ২২ | প্রকৌ. মো. জাকির হোসেন |
| ০৩ | অধ্যাপক এম এ হামিদ | ২৩ | মো. মিঠুন মিয়া |
| ০৪ | ড. কাজী মো. ইমদাদুল হক | ২৪ | মো. আব্দুল আলীম |
| ০৫ | এ এন এম গোলাম মোস্তফা | ২৫ | মো. শহিদুল ইসলাম |
| ০৬ | ডা. আবু বকর সিদ্দিক | ২৬ | মো. শাহিনুর রহমান |
| ০৭ | প্রকৌশলী নুরুল আমিন চৌধুরী | ২৭ | আবুল কালাম আজাদ বাবু |
| ০৮ | মরহুম এজেড এম সামসুজ্জোহা হেলাল | ২৮ | মো. শাহেদ আলী |
| ০৯ | ডা. দিদারুল আলম | ২৯ | মো. আশরাফুল ইসলাম |
| ১০ | মো. মুনজুর রশীদ চৌধুরী | ৩০ | মো. রাফি তালুকদার বিপ্লব |
| ১১ | প্রকৌশলী নুরুল আমিন চৌধুরী | ৩১ | মো. আবু রায়হান |
| ১২ | অ্যাডভোকেট মো. মশিহুর রহমান | ৩২ | মিজানুর রহমান |
| ১৩ | মো. হাসেমুজ্জামান হাসেম | ৩৩ | মো. আবু তারেক |
| ১৪ | মো. মোস্তাফিজুর রহমান | ৩৪ | মো. আব্দুল আলী |
| ১৫ | মীর লিয়াকত আলী | ৩৫ | মাহমুদুল হাসান |
| ১৬ | মো. রওশন আক্তার | ৩৬ | মো. রনি আহমেদ |
| ১৭ | প্রকৌ. মো. রফিকুল ইসলাম | ৩৭ | মোসলেহ উদ্দিন সোহেল |
| ১৮ | মো. আরিফুর রহমান সবুজ | ৩৮ | মো. তারেক রহমান |
| ১৯ | অ্যাডভোকেট সাকিল উদ্দিন | ৩৯ | আবু তোহাব |
| ২০ | নাহিদ উল হাসান রুমন | | |



ডা. এজেডএম মাইদুল ইসলাম
আহ্বায়ক

## ২০১৮ সালে সমিতি গঠনের লক্ষ্যে গঠিত আহ্বায়ক কমিটি



ইঞ্জি. মো. রফিকুল ইসলাম
সদস্য সচিব



ক্রমিক নম্বর ঃ ০০৮৪৯৮২

নিবন্ধন নম্বর ঢ-০৯৯৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদফতর,ঢাকা

জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা

# নিবন্ধন সনদপত্র

১৯৬১ সালের স্বেচ্ছামূলক সমাজকল্যাণ প্রতিষ্ঠান (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রণ ) অধ্যাদেশ ( নম্বর ৪৬ ) এর ৪(৩) ধারার অধীনে শিবগঞ্জ উপজেলা (বগুড়া) কল্যান সমিতি, ঢাকা গ্রাম/মহল্লা ২০৪ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ৪র্থ তলা ডাকঘর জিপিও থানা শাহবাগ জেলা ঢাকা, বাংলাদেশকে দুই হাজার তেইশ সালের জানুয়ারী মাসের চব্বিশ তারিখে উপরে বর্ণিত আইনের শর্তাদি পূরণ করায় নিম্ন স্বাক্ষরকারীর নিজ স্বাক্ষরে ও সরকারী সীলমোহরে নিবন্ধন করা হলো। নিবন্ধনকৃত প্রতিষ্ঠানটি ঢাকা জেলায়/সমগ্র বাংলাদেশে এর কার্যক্রম পরিচালনা করতে পারবে এবং এর প্রমান স্বরূপ এ সনদপত্র প্রদান করা হলো।

নিবন্ধনকৃত প্রতিষ্ঠানটির নিবন্ধন নম্বরঃ ঢ-০৯৯৭৮

২৪/০১/২০২৩

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

সমাজসেবা অধিদফতর,ঢাকা

জেলা সমাজ সেবা কার্যালয়, ঢাকা

স্থানঃ ঢাকা

তারিখঃ ২৪/০১/২০২৩ খ্রিঃ

অফিসের গোল সীল


# আমাদের অনুপ্রেরণার উৎস

## প্রধান পৃষ্ঠপোষক



**প্রয়াত ডা. রেজাউল করিম সান্না**
সাবেক চেয়ারম্যান
ট্রপিক্যাল হোমস্ লিমিটেড

## সম্মানিত উপদেষ্টামণ্ডলী



**সাখাওয়াত হোসেন টুটুল**
চেয়ারম্যান
অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল



**মো. আবুল কালাম আজাদ**
অবসরপ্রাপ্ত সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



**প্রকৌ. মো. নুরুল আমিন চৌধুরী**
সাবেক তত্ত্বাবধায়ক
বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড



**কে এম নজরুল ইসলাম**
সাবেক অতিরিক্ত মহাব্যবস্থাপক
বিএডিসি




**কৃষিবিদ রুখসানা ইয়াসমীন**
কো-অর্ডিনেটর
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



**মো. মুঈন উদ্দিন**
সাবেক এমডি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

# আমাদের পথ চলার অলংকার

## সম্মানিত দাতাসদস্য



ডা. এজেডএম মাইদুল ইসলাম



মো. আবুল কালাম আজাদ



ড. কাজী মো. ইমদাদুল হক



ডা. মো. আবুবকর সিদ্দিক



অধ্যাপক ডা. আহসান হাবীব হেলাল



তানভীর রেজা



মো. আব্দুল মোনায়েম চৌধুরী



ড. আশুতোষ সরকার



মো. জহুরুল ইসলাম



মো. হাসেমুজ্জামান হাসেম



প্রকৌ. মো. নুরুল আমিন চৌধুরী




প্রকৌশলী মো. শামীম মীর

# আমাদের পথ চলার অলংকার

## সম্মানিত দাতাসদস্য



প্রয়াত ডা. রেজাউল করিম সান্না



সাখাওয়াত হোসেন টুটুল



কৃষিবিদ রুখসানা ইয়াসমীন



ব্রি. জেনারেল (অব.) মো. নাসিমুল গনি



সাবিহা সুলতানা (পুতুল)



মো. বেনজীর আহমেদ



মো. শফিউল আলম (তুহিন)



অ্যাড. মো. মশিহুর রহমান